



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
পার-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

জরুরী


স্মারক নং- ৪৫.১৪৩.০১৯.০০.০০.০০১.২০১৩-৭৬০

তারিখ:-১২/০৭/২০২০খ্রি:

বিষয়ঃ “মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে স্বাস্থ্য অধিদপ্তর রিজেন্ট হাসপাতালের সঙ্গে চুক্তি করেছে” স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সংবাদ বিজ্ঞপ্তিতে উদ্ধৃত বক্তব্যের সুস্পষ্ট ব্যাখ্যা প্রদান।

উপর্যুক্ত বিষয়ে “দৈনিক বাংলাদেশ প্রতিদিন”সহ বিভিন্ন পত্রিকায় প্রকাশিত স্বাস্থ্য অধিদপ্তরের সংবাদ বিজ্ঞপ্তির প্রতি মন্ত্রণালয়ের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। উক্ত সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে যে, “মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে স্বাস্থ্য অধিদপ্তর রিজেন্ট হাসপাতালের সঙ্গে চুক্তি করেছে”। প্রসঙ্গত উল্লেখ্য যে, বেগন হাসপাতালের সাথে চুক্তির পূর্বে তা সরেজমিন পরিদর্শন, হাসপাতাল পরিচালনার অনুমতি, পরীক্ষা-নিরীক্ষার প্রয়োজনীয় যন্ত্রপাতি, জনবল ও ল্যাব ফ্যাসিলিটিজ ইত্যাদি বিশ্লেষণ করে উপযুক্ততা বিবেচিত হলেই কোভিড পরীক্ষা/ চিকিৎসা কার্যক্রম পরিচালনার জন্য চুক্তি সম্পন্ন করার সুযোগ রয়েছে।

রিজেন্ট হাসপাতালের সঙ্গে চুক্তির পূর্বে কি কি বিষয় বিবেচনা করা হয়েছিল, চুক্তি করার পর উদ্ধৃত শর্তসমূহ প্রতিপালনে কি কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল এবং মন্ত্রণালয়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা বলতে কি বোঝানো হয়েছে তার সুস্পষ্ট ব্যাখ্যা আগামী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(শারমিন আক্তার জাহান)
উপসচিব (পার-২)
ফোনঃ ৯৫৪০৪৪৮
per2@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা।